গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর

## উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব তানভীর আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, বীরগঞ্জ, দিনাজপুর |
| তারিখ ও সময় | : | ২০/০৩/২০২৫খ্রি., সকাল ১১:০০ ঘটিকা |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সভাকে অনুরোধ জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহিত হয়।

**১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিষদের গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সদস্যের কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব পাওয়া গেল না। | গত সভার কার্যবিবরণীটি উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তে অনুমোদিত হলো। | প্রশাসক, সংশ্লিষ্ট কমিটি এবং দপ্তর প্রধানগণ। |

**৩। উপজেলা পরিষদ ভবন/ বাসাবড়ি মেরামত/ সংস্কার বিষয়ে আলোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| সভায় উপজেলা উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাসে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার ও মেরামত না করায় ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। এক্ষুণে উক্ত বাসাবাড়ি জরুরী সংস্কার ও মেরামত করা প্রয়োজন। বর্ণিত প্রকল্পের কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা যেতে পারে। প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো: | সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নে কমিটি অনুমোদনসহ গৃহিত ০১টি প্রকল্পের কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। প্রকল্প বাস্তবায়নে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়ন কমিটি। |

| ১। প্রকল্পের নাম: | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার ও মেরামত করণ | প্রাক্কলিত মূল্য: ১,৪৫,৯৮৫/- |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১. | জনাব তারিনী বাবু রায়, ইউপি সদস্য, ৫নং সুজালপুর ইউপি, বীরগঞ্জ, দিনাজপুর | প্রকল্প সভাপতি |
| ২. | জনাব শ্যামল চন্দ্র দেব শর্ম্মা, ইউপি সদস্য, ৫নং সুজালপুর ইউপি, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য সচিব |
| ৩. | জনাব মোঃ হাসিনুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৪. | জনাব মোঃ সাব্বির রহমান, গণ্যমাণ্য, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৫. | জনাব মোঃ বেলাল হোসেন, ইমাম, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৬. | জনাব মোঃ ফারুক হোসেন, শিক্ষক, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৭. | জনাব সাজু ইসলাম, গণ্যমাণ্য, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |

**৩। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভাকে জানান যে, বহিবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৯৮৪ জন; অন্তঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬৩৫ জন; জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৯১২ জন; ৩৫টি কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮২১৩ জন; নরমাল ডেলিভারীর সংখ্যা ৪৪ জন; নিউমোনিয়া চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮ জন; ডায়রিয়া চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৫ জন এবং অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে বেড অকুপেন্সী রেট (৫০ শয্যা) ৯৪.৬৬%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |



CamScanner

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা অনুপস্থিত। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা কৃষি কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় উপস্থিতসহ কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় আরো জানান যে, অত্রাফিসের সীমানা প্রচীর সংলগ্ন পাঁচটি মেহগুনি গাছ রয়েছে। যার কারনে সীমানা প্রাচীর এ ফাটল দেখা গিয়েছে। এমতাবস্থায় মেহগুনি গাছ পাঁচটি কর্তনে সীমানা প্রচীরটি সংরক্ষণ করা সম্ভব হবে। | সভায় আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পাঁচটি মেহগুনি গাছ অপসারণ এর জন্য নিলাম কমিটি গঠন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রকৌশলী |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ফেব্রুয়ারি/২০২৫ মাসে স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) গ্রহণকারীর সংখ্যা ২০ জন, আই ইউ ডি গ্রহণকারীর সংখ্যা ০২ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারীর সংখ্যা ১৭৭ জন, বড়ি খাওয়ার সংখ্যা ১৫৮ জন, কনডম গ্রহণকারীর সংখ্যা ৬২ জন, ইনজেকশন গ্রহণকারীর সংখ্যা ৯১ জন, গর্ভকালীন সেবা প্রদান করা হয়েছে ৮২৩ জন, ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ২৫২ জন, প্রসোবত্তর সেবা ৩৫৪ জন, শিশু সেবা (০-১৫ মাস বয়সী) ৩৪১৩ জন, কিশোর-কিশোরী রোগীর সেবা- ৩৫২৩ জন, সাধারণ রোগীর সেবা (পুরুষ ও মহিলা) ২৩১৩ জন এবং পুষ্টি সেবা (গর্ভবতী ও ০-২৩ মাস বয়সী শিশুর মা এবং ০-৫৯ মাস বয়সী শিশু) ৩৮১৭ জন। তিনি জানান সক্ষম দম্পত্তির সংখ্যা ৭৬০২০ জন, গ্রহণকারীর সংখ্যা ৬২৮০৪ জন, সিএআর গ্রহণকারীর হার ৮২.৬২% এবং গর্ভবতীর সংখ্যা ২০১১ জন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ করা হলো | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রতিনিধি জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |



CamScanner

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| অধিদপ্তর | | জন্য অনুরোধ করা হলো | |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমবায় কর্মকর্তা |
| সামাজিক বনায়ন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বন বিভাগ |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ বীরগঞ্জ জোনাল অফিস, বীরগঞ্জ দিনাজপুর জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ বীরগঞ্জ জোনাল অফিস |
| পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বীরগঞ্জ দিনাজপুর জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| বিএমডিএ বিভাগ | সভায় সহকারী প্রকৌশলী, বিএমডিএ জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার অনুপস্থিত। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণসহ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |

**৩। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| বর্তমান সভায় আলোচনাযোগ্য নতুন কোন সরকারি বিধি-বিধান বা নির্দেশনা পাওয়া যায়নি। | - | - |

**৪। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| ১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১৯/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে = ৪৬,৫৫,৮১০/৮১ টাকা এবং উন্নয়ন তহবিলে = ১,৩১,৫০,৩৯৭/৪১ টাকা স্থিতি রয়েছে। এছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দাপ্তরিক প্রয়োজনে স্থানীয়ভাবে নিম্নলিখিত ব্যয় সম্পাদন করা হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয়সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে অনুমোদিত হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার। |

| ক্র:নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণী | টাকারপরিমাণ |
|---|---|---|
| ১ | দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োগকৃত মালি ও পরিচ্ছন্নকর্মীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী বাবদ ব্যয় | ৩০,৮০০/- |
| ২ | উপজেলা পরিষদ নিরাপত্তা আনসার সদস্যের ফেব্রুয়ারি/২০২৫ মাসের ভাতা বাবদ ব্যয় | ৮,৩০০/- |
| ৩ | ফেব্রুয়ারি/২০২৫ মাসের উপজেলা পরিষদের পানির পাম্প ও অফিস কার্যালয়ের বিদ্যুৎ বিল বাবদ ব্যয় | ১৪,২৮৯/- |

**৫। নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ সম্পর্কে আলোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| নিরাপদ খাদ্য সরবরাহ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখা এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকল্পে সংশ্লিষ্টসকলকে অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট জনপ্রতিনিধি; বণিক সমিতি; স্যানিটারী ইন্সপেক্টর |



CamScanner

৬। মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সম্পর্কে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| মাদকের ক্ষতিকর দিকগুলো তুলে ধরে সামাজিক আন্দোলনের মাধ্যমে মাদককে নির্মূল করতে হবে। এ ব্যাপারে সরকারি, বেসরকারি, এনজিওসহ সকল জনপ্রতিনিধিগণকে মাদক বিরোধী প্রচার-প্রচারণাসহ কার্যকরী ভূমিকা পালন করতে হবে। | মাদকবিরোধী প্রচার-প্রচারণাসহ মাদক নিয়ন্ত্রণ করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | সকল জনপ্রতিনিধি, প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা কমিটি। |

৭। বিবিধ

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>সিদ্ধান্ত বাস্তবায়নে</th></tr>
<tr><td>১) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের দক্ষিণ পার্শ্বে বাউন্ডারী ওয়ালটি ১৯৮৭ সালে তৈরী করা হয়েছে। বাউন্ডারী ওয়াল নির্মাণ হওয়ার পর থেকে এ পর্যন্ত কোন বড় ধরনের মেরামত করা হয় নাই। বিশেষ করে পুর্ব পার্শ্বের ব্যাচলর কোয়াটারের সম্মুখভাগের অংশ ভেঙ্গে পড়ায় উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে জরুরী ভিত্তিতে উক্ত অংশটুকু উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঘ) অপ্রত্যাশিত খাত হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে। উপজেলা পরিষদের দক্ষিণ পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:
<table>
<tr><td colspan="2">১। প্রকল্পের নাম:</td><td>উপজেলা পরিষদের দক্ষিণ পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ</td><td>প্রাক্কলিত মূল্য: ১,২০,০০০/-</td></tr>
<tr><td>১.</td><td colspan="2">জনাব শ্যামল চন্দ্র দেব শর্ম্মা, ইউপি সদস্য, ৫নং সুজালপুর ইউপি, বীরগঞ্জ, দিনাজপুর</td><td>প্রকল্প সভাপতি</td></tr>
<tr><td>২.</td><td colspan="2">জনাব তারিনী বাবু রায়, ইউপি সদস্য, ৫নং সুজালপুর ইউপি, বীরগঞ্জ, দিনাজপুর</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>৩.</td><td colspan="2">জনাব মোঃ হাসিনুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী, বীরগঞ্জ, দিনাজপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td colspan="2">জনাব রহমত আলী, গণ্যমাণ্য, বীরগঞ্জ, দিনাজপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td colspan="2">জনাব মোঃ বেলাল হোসেন, ইমাম, বীরগঞ্জ, দিনাজপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td colspan="2">জনাব মোঃ ফারুক হোসেন, শিক্ষক, বীরগঞ্জ, দিনাজপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td colspan="2">জনাব সাজু ইসলাম, গণ্যমাণ্য, বীরগঞ্জ, দিনাজপুর</td><td>সদস্য</td></tr>
</table>
</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত বাউন্ডারী ওয়ালের উল্লেখিত অংশটুকুর নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য কমিটির অনুমোদনসহ গৃহিত প্রকল্পের কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের (অপ্রত্যাশিত খাত) অর্থায়নে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়ন কমিটি।</td></tr>
<tr><td>২) সভায় সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বীরগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ চত্বর ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের চত্বর সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুল বাগান তৈরী, ঘাস রোপন ও বিভিন্ন ধরণের গাছপালা লাগানোর কাজ চলমান রয়েছে। উক্ত বাগানসমূহে পানি সেচের জন্য উল্লিখিত স্থানে দুটি পানির পাম্প স্থাপন, পানির পাইপ ও আনুসাঙ্গিক প্রয়োজনীয় মালামাল ক্রয় করা জরুরী প্রয়োজন। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ট) পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে।</td><td>প্রস্তাবিত স্থানে দুটিতে পানির পাম্প স্থাপন, পানির পাইপ ও আনুসাঙ্গিক প্রয়োজনীয় মালামাল ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।</td><td>প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৮.২৫

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

স্মারক নম্বর- ৪৬.৫৫.২৭১২.০০১.১২.০০১.২৫-০৮

তারিখ: ০৬ চৈত্র ১৪৩১ / ২০ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
৭। প্রশাসক, বীরগঞ্জ পৌরসভা, দিনাজপুর।
৮। উপজেলা ........................................................ কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।
৯। চেয়ারম্যান ........ নং .................................. ইউনিয়ন পরিষদ (সকল), বীরগঞ্জ, দিনাজপুর।
১০। জনাব ......................................................................... বীরগঞ্জ, দিনাজপুর।
১১। অফিস নথি।

২০/০৩/২৫

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর
ফোন: ০২৫৮৯৯২৮৩৬৫
ই-মেইল: unobirganj@mopa.gov.bd

২০/০৩/২০২৫



CamScanner